কোনো সন্তান তার পিতার প্রতিদান দিতে পারে না। তবে হ্যাঁ, সে যদি তার পিতাকে ক্রীতদাস হিসেবে দেখতে পায় এবং তাকে ক্রয় করে নিয়ে স্বাধীন করে দেয়।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফূ‘ সনদে বর্ণিত: “কোনো সন্তান তার পিতার প্রতিদান দিতে পারে না। তবে হ্যাঁ, সে যদি তার পিতাকে ক্রীতদাস হিসেবে দেখতে পায় এবং তাকে ক্রয় করে নিয়ে স্বাধীন করে দেয় (তাহলে ভিন্ন কথা)।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

কোনো সন্তানই তার ওপর তার পিতার যে হক রয়েছে তা পরিশোধ করতে দয়া ও ইহসানের মাধ্যমে তার বদলা দিতে পারে না। তবে যদি কেউ তার পিতাকে দাস হিসেবে পেয়ে তাকে ক্রয় করে আযাদ করে দেয় (তার কথা ভিন্ন)।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3775